# অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন

## শিল্প মন্ত্রণালয়

**মাসের নাম: মে/২০২১**

| মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | পূর্বের জের | মোট অভিযোগ (৩+৪) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫ - ৬) | মন্তব্য (% সহ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| শিল্প মন্ত্রণালয় | - | - | - | ১১ | ১১ | ০১ | পরিশিষ্ট-ক | ১০ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | ০২ | - | ০২ | - | ০২ | ০১ | পরিশিষ্ট-ক | ০১ | ঐ |
| বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) | ০১ | - | ০১ | ০২ | ০৩ | - | - | ০৩ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | - | - | - | ০৯ | ০৯ | ০৬ | পরিশিষ্ট-ক | ০৩ | ঐ |
| বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই) | - | ০২ | ০২ | ০১ | ০৩ | ০২ | পরিশিষ্ট-ক | ০১ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | - | - | - | - | - | - | - | - | |
| ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | - | - | - | - | - | - | - | - | |
| পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) | - | - | - | - | - | - | - | - | |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | - | - | - | - | - | - | - | - | |
| ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) | - | - | - | - | - | - | - | - | |
| মোট | ০৩ | ০২ | ০৫ | ২৩ | ২৮ | ১০ | - | ১৮ | |

১। **শিল্প মন্ত্রণালয়:**

**(ক)** বিসিকের তিনজন উর্ধ্বতন কর্মকর্তাগনের দুর্নীতি, অপকর্ম, নিয়োগ বাণিজ্য ও জুলুম অত্যাচারের বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ তদন্তপূর্বক অভিযোগসমূহ সঠিক নয় মর্মে প্রমাণিত হয়। তাই উক্ত অভিযোগসমূহের সহযোগি হিসেবে উল্লেখ করায় জনাব মোস্তাক আহম্মেদ, সচিব, বিসিক এর বিরুদ্ধে আনীত অভিযোগও সঠিক বলে মনে হয় না। প্রকল্প হতে টাকা আত্মসাতের বিষয়ে কোন প্রমাণ পাওয়া যায়নি মর্মে অভিযোগটি নিস্পত্তি করা হয়েছে।

২। **বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক):**

**(ক)** বাংলাদেশ লবণ মিল মালিক সমিতির পক্ষে জনাব মো: কাদের সরকার কর্তৃক জনাব মো: শফিকুল আলম, প্রকল্প পরিচালক, সিআইডিডি প্রকল্প, বিসিক, ঢাকা-এর বিরুদ্ধে পটাশিয়াম আয়োডেট (আয়োডিন) বিক্রয়, মোবাইল কোর্ট পরিচালনা ব্যয়, প্রশিক্ষণ, সভা আয়োজন, আয়োডিন সল্ট মিলস অ্যাওয়ার্ড, গাড়ী মেরামম, ড্রাইভার ও ভ্রমণ বিল সংক্রান্ত বিষয়ে অনিয়মের মাধ্যমে টাকা আত্মসাতের অভিযোগটি প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজু করা হয়েছে।

**(খ)** জনাব জহিরুল ইসলাম ঠিকাদার কাজের ডিজাইন তৈরীতে টাকা চাওয়া ও ডিজাইন তৈরীতে টাকা চাওয়া ও ডিজাইন দিতে দেরী করায় জনাব আব্দুর রাজ্জাক, ইঞ্জিনিয়ার, আঞ্চলিক কার্যালয় রাজশাহীর বিরুদ্ধে দাখিলকৃত অভিযোগটি অপ্রমাণিত হওয়ায় নিস্পত্তি করা হয়েছে।

**(গ)** জনৈক জনাব আ: আলীম সরকার, শেপুর সদর, শেরপুর কর্তৃক জনাব তামান্না মহল, সহযোগী অনুষদ সদস্য, স্কিটি, বিসিক, উত্তরা, ঢাকা (সাবেক উপ-ব্যবস্থাপক, শিসকে, বিসিক, শেরপুর) এ কর্মরত থাকাকালীন সময়ে অনিয়ম ও দুর্নীতির বিষয়ে অভিযোগটি প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজু করা হয়েছে।

**(ঘ)** জনৈক জনাব মো: আব্দুল মালেক মর্ডান ফুড ইন্ডাষ্ট্রিজ, বিসিক শিল্পনগরী, রাজশাহী কর্তৃক জনাব মঞ্জুর কাদের, উপ-প্রধান প্রকৌশলী, পুরকৌশল বিভাগ, বিসিক ঢাকা, (সাবেক শিল্পনগরও কর্মকর্তা, রাজশাহী) কর্মরত থাকাকালীন সময়ে ঘুষ, দুর্নীতি ও অবৈধভাবে পুকুর লিজ ও মৃত মানুষের নামে জমি বরাদ্দ দেয়ার বিষয়ে অভিযোগটি প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজু করা হয়েছে।

**(ঙ)** জনৈক জনাব মো: নাজমুল হাসান, মাসকান্দা, ময়মনসিংহ কর্তৃক জনাব শেফালী খাতুন, উর্ধ্বতন অনুষদ সদস্য, স্কিটি, বিসিক, উত্তরা, ঢাকা (সাবেক উপ-মহাব্যবস্থাপক, বিসিক, ময়মনসিংহ) এ কর্মরত থাকাকালীন চাঁদাবাজি, সন্ত্রাসী সহ বিভিন্ন প্রকার দুর্নীতির বিষয়ে অভিযোগটি প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজু করা হয়েছে)

**(চ)** জনাব জামিল আহমেদ, উপ-ব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), শিসকে, বিসিক, পঞ্চগড় এর বিরুদ্ধে পরিচালক (উন্নয়ন ও সম্প্রসারণ), বিসিক, ঢাকা কর্তৃক অনিয়ম/দুর্নীতির অভিযোগ।

৩। **বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি):**

**(ক)** জাহান এন্টারপ্রাইজ নামক একটি প্রতিষ্ঠান ডিএপিএফসিএল এর বিরুদ্ধে ইজিপি এর মাধ্যমে সরবরাহকৃত পণ্যের বিল আদায় করতে গেলে তার নিকট ১০,০০০/- ঘুষ দাবী করলে তিনি অভিযোগটি বিসিআইসি প্রধান কার্যালয়ে প্রেরণ করেন। বিষয়টি স্থানীয়ভাবে তদন্ত করানো হয়। তদন্তে অভিযোগ প্রমাণিত হয়নি।

৪। **বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক):**

**(ক)** মহামান্য সুপ্রীম কোর্ট এর আপিল ডিভিশনের মাননীয় বিচারপতি রেজিস্ট্রার মহোদয়ের মাধ্যমে বিএসটিআই'র মহাপরিচালক মহোদয়কে টেলিফোনে লাজ ফার্মা, কলাবাগান, ঢাকার বিরুদ্ধে একটি কসমেটিক জাতীয় পণ্যের বিষয়ে অভিযোগ করেন। উক্ত অভিযোগের ভিত্তিতে কমিটির মাধ্যমে তদন্ত করে দেখা যায় যে, পণ্যটি বিএসটিআই'র বাধ্যতামূলক পণ্যের আওতাভুক্ত নয় এবং পণ্যটির অনুকূলে বিএসটিআই হতে কোনো অনুমোদন দেওয়া হয়নি। তথাপি অবৈধভাবে পণ্যটি মোড়কে বিএসটিআই'র মানচিহ্ন ব্যবহার করা হয়েছে যা বিএসটিআই আইন, ২০১৮ অনুযায়ী দন্ডনীয় অপরাধ। অনুমোদনহীন পণ্যে বিএসটিআই'র মানচিহ্ন ব্যবহার করায় ওইদিনই লাজ ফার্মা, কলাবাগান শাখায় মোবাইল কোর্ট পরিচালনা করে ৫ লক্ষ টাকা জরিমানা করা হয় যা সময় টিভি, ইনডিপেন্ডেন্ট টিভিসহ বেশ কয়েকটি চ্যানেলে প্রচার হয়েছে। একই অপরাধে স্টার ওয়ার্ল্ড নামীয় প্রতিষ্ঠানকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

(খ) জনাব মোঃ সাগর নামীয় ব্যক্তি মুক্তা সুপার আইসক্রিম, পাটেশ্বরী বাজার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রামের বিরুদ্ধে বিএসটিআই'র অনুমোদবিহীনভাবে পণ্য উৎপাদন ও বিক্রির অভিযোগ করেন। উক্ত অভিযোগের ভিত্তিতে তদন্ত করে সত্যতা পাওয়া মোবাইল কোর্টের মাধ্যমে প্রতিষ্ঠানটিকে ২৫ হাজার টাকা জরিমানা করা হয়।